



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.১৩৭

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭

১৩ জুলাই ২০২০

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য কমিশন কর্তৃক মেধাবৃত্তির মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা একই বিশ্ববিদ্যালয় হতে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছে তাদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। প্রকৌশল, কৃষি ও চিকিৎসা অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৫। এমতাবস্থায়, মনোনয়নকারী শিক্ষার্থীদের মনোনয়ন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২০ ইং তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (বিঃদ্র: প্রত্যেক অনুষদের আবেদন পত্রসমূহ অবশ্যই তাদের রেজিস্ট্রারের মাধ্যমে একসাথে পাঠাতে হবে)।

উক্ত পত্র জারীর পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোন মনোনয়ন আহ্বান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নির্দেশনামতে কমিশনামত কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য বলা হ'ল।

১৩-৭-২০২০

প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান

উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ) ফোনঃ

88-02-58160230, মেইলঃ

ziaiut96@ugc.gov.bd

রেজিস্ট্রার

ঢাকা/রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/
চট্টগ্রাম/ জাহাজীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও
প্রযুক্তি/খুলনা/ জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিব
মেডিকেল/ বঙ্গবন্ধু কৃষি/ শেরে বাংলা কৃষি/ হাজী দানেশ
বিজ্ঞান ও প্রযুক্তি/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা
ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ রাজশাহী
প্রকৌশল ও প্রযুক্তি/ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/ খুলনা
প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম
বিজ্ঞান ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/
কুমিল্লা/ চট্টগ্রাম ভ্যাটেরিনারী এন্ড এনিম্যাল সাইন্স/ সিলেট
কৃষি বিশ্ববিদ্যালয়/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/


বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)/ বেগম
রোকেয়া বিশ্ববিদ্যালয়/ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/
বরিশাল বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ টেক্সটাইল/ রাজামাটি
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজামাটি/ বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/ ইসলামি আরবি
বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.১৩৭/১(৫)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭
১৩ জুলাই ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ) (চলতি দায়িত্ব), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস
বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) অতিরিক্ত পরিচালক / সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং
অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন(ইউজিসি'র ওয়েবসাইটের 'ইউজিসি মেধাবৃত্তি' লিংকে
আপলোড করার জন্য সর্বিনয় অনুরোধ করা হলো)
- ৩) সহকারী সচিব (প্রটোকল), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৪) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১৩-৭-২০২০

আকতার পেরিস
সহকারী পরিচালক